দৈনিক

তারিখ 04 OCT 2016
পৃষ্ঠা ৬ কলাম ৬

# রাবির ভর্তি পরীক্ষায় প্রতি আসনে লড়বে ৪৩ জন

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী ●

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষে সম্মান প্রথমবর্ষের ভর্তি পরীক্ষায় প্রতি আসনের বিপরীতে আবেদন করেছেন ৪৩ জন ভর্তিচ্ছু। আগামী ২৪ থেকে ২৭ অক্টোবর এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেন্টারের প্রশাসক অধ্যাপক খাদেমুল ইসলাম মোল্লা এ তথ্য জানান। অধ্যাপক খাদেমুল ইসলাম মোল্লা জানান, গত রোববার রাত ১২টায় আবেদন প্রক্রিয়া শেষ হয়। এবারের ভর্তি পরীক্ষায় মোট ১ লাখ ৭৮ হাজার ৯ শত ৪৯ জন আবেদন করেন। এতে ৪ হাজার ১ শত ৫৯ আসনের বিপরীতে প্রতি আসনে ৪৩ জন ভর্তিচ্ছু অংশগ্রহণ করবেন। এর আগে গত ১৮ সেপ্টেম্বর দুপুর ১২টা থেকে অনলাইনে আবেদনের প্রক্রিয়া শুরু হয়। শুধু ২০১৬ সালে উচ্চ মাধ্যমিকে উত্তীর্ণ শিক্ষার্থীরা অংশ নিচ্ছে এ পরীক্ষায়। এতে দ্বিতীয়বার আবেদন করার সুযোগ থাকছে না। ৫৬টি বিভাগ ও দুটি ইনস্টিটিউটে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ ছাড়া ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.ru.ac.bd-এ পাওয়া যাবে।